

শুভেচ্ছা সফর শেষে রাশিয়ান নৌবাহিনীর জরীপ জাহাজের চট্টগ্রাম বন্দর ত্যাগ

চট্টগ্রাম, ০১ মে ২০১৮ : বাংলাদেশে চারদিনের শুভেচ্ছা সফর শেষে রাশিয়ান নৌবাহিনীর জরীপ জাহাজ 'ADMIRAL VLADIMIRSKY' আজ মঙ্গলবার (০১-০৫-২০১৮) সকালে চট্টগ্রাম বন্দর জেটি ত্যাগ করেছে। জাহাজটি বাংলাদেশ ত্যাগকালে চট্টগ্রাম নৌঅঞ্চলের চিফ স্টাফ অফিসার (অপারেশন্স) ক্যাপ্টেন মির্জা মামুন-উর-রশীদ, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন তাদের আনুষ্ঠানিকভাবে বিদায় জানান।



চারদিনের শুভেচ্ছা সফর শেষে রাশিয়ান নৌবাহিনীর জরীপ জাহাজ 'ADMIRAL VLADIMIRSKY' মঙ্গলবার (০১-০৫-২০১৮) সকালে চট্টগ্রাম বন্দর জেটি ত্যাগ করেছে।

বাংলাদেশ সফরকালে জাহাজটির অধিনায়ক আলেকজান্ডার ভিয়াসসাবোভিচ পাইসিন (Alexander Vyacheslavovich PYSHKIN) এবং বাংলাদেশে নিযুক্ত রাশিয়ান হাইকমিশনের ডিফেন্স এডভাইজারসহ ০৫ সদস্যের একটি প্রতিনিধিদল কমান্ডার চট্টগ্রাম নৌঅঞ্চল, কমান্ডার বিএন ফ্লিট এবং চট্টগ্রাম বন্দর চেয়ারম্যান এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এছাড়া সফরকারী জাহাজের কর্মকর্তা ও নাবিকগণ নৌবাহিনীর বিভিন্ন জাহাজ, প্রশিক্ষণ ঘাঁটি ও স্থাপনাসহ চট্টগ্রামের ঐতিহাসিক এলাকাসমূহ পরিদর্শন করেন। এই শুভেচ্ছা সফর বাংলাদেশ ও রাশিয়ান নৌবাহিনীর কর্মকর্তা ও নাবিকদের পেশাগত মান উন্নয়নের পাশাপাশি উভয় দেশের নৌবাহিনীর মধ্যকার দ্বি-পাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে কার্যকরী ভূমিকা রাখবে বলে আশা করা যায়। উল্লেখ্য, জাহাজটি গত ২৮ এপ্রিল ২০১৮ তারিখে চারদিনের শুভেচ্ছা সফরে বাংলাদেশে আগমন করে।